সিলেট

বিশ্বনাথে ১২ নাম্বার স্ত্রীর মামলায় আ'লীগ নেতার মালামাল ক্রোকের নির্দেশ

সিলেটের বিশ্বনাথ উপজেলার দেওকলস ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ'লীগ নেতা ফখরুল আহমদ মতছিনের বিরুদ্ধে তার ১২ নাম্বার স্ত্রী রিপন আরা বেগম গত ৪/০৫/০৯ ইং তারিখে সিনিয়র সহকারী জজ ও পারিবারিক আদালতে (বিশ্বনাথ, সিলেট) দেনমোহরানা মামলা দায়ের করেছেন। মামলা নাম্বার ১৫/২০০৯। মামলার প্রেক্ষিতে আদালত গত ১২/১০/০৯ তারিখে রিপন আরাকে ৫ লক্ষ ২৮ হাজার টাকা দেনমোহর ও ভরন পোষন বাবৎ প্রদানের জন্য মতছিন চেয়ারম্যানকে নির্দেশ দেয়। চেয়ারম্যান এ রায় বাতিলের জন্য আবেদন করলে আদালত আবেদন খারিজ করে পূর্বের আদেশ বহাল রাখে। কিন্তু চেয়ারম্যান আদালতের নির্দেশ অমান্য করায় গত ৬ জুলাই ২০১০ইং তারিখে মতছিনের চেয়ারম্যানের মালামাল ক্রোকের নির্দেশ দেয় আদালত। আদালতের নির্দেশ গত ১৬ জুলাই বিশ্বনাথ থানায় এসে পৌছে। এব্যাপারে বিশ্বনাথ থানার অফিসার ইনর্চাজ (ওসি) আশেক সুজা মামুন বলেন, আমি বিজ্ঞ আদালতের নির্দেশনা হাতে পেয়েছি। শীঘ্রই তা কার্যকর করা হবে। বাদীনি রিপন আরা বলেন, ২০০৮ সালের ২৯ মার্চ মতছিন আমাকে প্রতারণার মাধ্যমে বিয়ে করে। আমি জানতামনা তার একাধিক স্ত্রী রয়েছে। বিয়ের পর সে আমার উপর যৌতুকের জন্য নানা ভাবে অত্যাচার নির্যাতন চালিয়ে যেতে থাকে। বেশ কয়েক বার আমি পিত্রালয় থেকে টাকা এনে দেই। এরপরও বিয়ে পাগল মতছিন আরো কয়েকটা বিয়ে করে এবং আমাকে ডির্ভোস দেয়। জানাগেছে, চেয়ারম্যান মতছিন নানা কৌশলে বিত্তশালী সুন্দরী নারীদের প্রলোভন দেখিয়ে প্রতারনার মাধ্যমে বিয়ে করেন। নিকাহনামার মাধ্যমে তার ১৩টি বিয়ে রয়েছে। এবং গোপনে আরো একাধিক বিয়ে রয়েছে বলে বিভিন্ন সুত্রে জানা গেছে।

দক্ষিণ সুরমায় সিটি কর্পোরেশনের ন্যাচারাল পার্ক চালু হচ্ছে শীঘ্রই

দক্ষিণ সুরমা ন্যাচারাল পার্কের নির্মাণ কাজ এখন প্রায় সমাপ্তির পথে। সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্মিত এই পার্কে এ পর্যন্ত ৩ কোটি ৫১ লাখ টাকা ব্যয় করা হয়েছে। ২০০৭ সালে পার্কের নির্মাণ কাজ শুরু হয়।

প্রায় ৩ একর ৭৭ শতক ভূমির উপর নির্মিত পার্কের চতুর্দিকে দেওয়াল নির্মাণ করে মাটি ভরাট করা হয়েছে। রোপন করা হয়েছে বিভিন্ন প্রজাতির প্রায় ৩শ' গাছের চারা। তবে অনেক চারা পরিচর্যার অভাবে মারা যাচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট এলাকাবাসী। সুরমা নদীর তীরে অবস্থিত এই পার্কে পর্যটকরা নদীতে নামার জন্য একটি বিশাল সিড়িঁ নির্মাণ করা হয়েছে। পর্যটকদের ঘুরাফেরা করার জন্য ভেতরে কয়েকটি ইন্টারনেল রাস্তা নির্মাণ করা হয়েছে। রাতে পর্যটকদের সুবিধার জন্য চতুর্দিকে লাইটিং এর ব্যবস্থাসহ বিদ্যুৎ সাব স্টেশন রয়েছে। এছাড়া কাউন্টার ভবনসহ গাড়ি পার্কিং এর সু-ব্যবস্থা রয়েছে সেখানে। পার্কের কাজ এখনও কিছুটা অসমাপ্ত থাকলেও পর্যটকরা প্রতিদিনই এখানে আসা যাওয়া করছেন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, আগামী অর্থবছরের ভেতরে আনুষ্ঠানিকভাবে পার্কটি চালু হবে। সম্প্রতি অর্থমন্ত্রী পার্কটি পরিদর্শন করে পার্কের প্রশংসা করেছেন।

এ ব্যাপারে সিটি কর্পোরেশনের মেয়র বদর উদ্দিন আহমদ কামরান বলেন– পার্কের কাজ শেষ পর্যায়ে। ইতোমধ্যে ঘাট তৈরি করা হয়েছে এবং শীঘ্রই শিশুদের জন্য রাইড লাগানোর পর চালু করা হবে। ন্যাচারাল পার্কটি এলাকায় সৌন্দর্য্য ও পরিবেশ বিপর্যয় রোধে অবদান রাখবে বলে অনেকে আশাবাদী।

গরিব দুঃখি মানুষের পাশে প্রবাসীরা এগিয়ে এসেছেন ---------------------- শফিকুর রহমান চৌধুরী

গত শুক্রবার ওসমানীনগর থানার থানাগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে উসমানপুর ইউনিয়ন জনকল্যান ট্রাষ্ট্রের উদ্যোগে বন্যায় ক্ষতিগস্থ,পঙ্গু,বিধাব ও অনাথ লোকের মধ্যে ৪ লাখ টাকার ঢেউ টিন বিতরন করা হয় ।এ উপলক্ষে স্থানীয় থানাগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্টিত সভায় সভাপতিত্ব করেন উসমানপুর জনকল্যান ট্রাষ্ট ইউ কের সাধারণ সম্পাদক সৈয়দ আব্দুল মুমিন । সিলেট মদন মোহন কলেজ ছাত্র সংসদের সাবেক সাহিত্য ও বিতর্ক সম্পাদক এমএফ ,আলী ফয়েজের পরিচালনায় অনুষ্টিত সভায় প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য শফিকুর রহমান চৌধুরী।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মোস্তাকুর রহমান মফুর, সহকারি ভুমি কমিশনার নুরুল ইসলাম , সমাজসেবি এ কে এম গৌছুল আলাম,থানা আওয়ামী লীগের সভাপতি কবির উদ্দিন আহমদ, বোয়ালজুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আনহার মিয়া, ওসমানি নগর থানা আওয়ামিলীগের সাধারণ সম্পাদক আবদাল মিয়া, সাবেক চেয়ারম্যান মাহমদ আলী সিকদার, উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা নিকেস রায় । প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য ও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রনালয় সংক্রান্ত সংসদীয় স্থানীয় কমিটির সদস্য আলহাজ্ব শফিকুর রহমান চৌধুরী বলেন প্রবাসীরা মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে আজ পর্যন্ত জনসেবায় উজ্জল দৃষ্টান্ত স্থাপন করে আসছেন। তাদের দেশপ্রেমের এই দৃষ্টান্ত ইতিহাসে স্বর্নাক্ষারে লেখা থাকবে। দেশ ও দেশের মানুষের কল্যানে যারা গুরুত্বপূর্ন অবদান রেখে আসছেন তাদের সকলের সম্মান জানানো উচিত ।

সভায় ট্রাষ্ট্রের সাধারণ সম্পাদক সৈয়দ আব্দুল মুমিন উসমানপুর ঈদগাহ হইতে থানা গাঁও ঈদগা পর্যন্ত রাস্তা পাকা করণ ,মাদারবাজার থেকে খালের মুখবাজার রাস্তা পাকা করণ,দক্ষিণ রাইগদারা প্রাথমিক বিদ্যালয় হইতে সোনাতিতা পর্যন্ত রাস্তা পাকা করণ, বেড়াখাল মসজিদের পশ্চিম হইতে মাদার বাজার তালতলা রাস্তা পর্যন্ত অসম্পূর্ণ পাকার কাজ সম্পন্ন করার জন্য সাংসদের কাছে জোড় দাবি জানান। উল্লেখ্য জনকল্যান ট্রাষ্ট্রেরপক্ষ থেকে ইতিপূর্বে ৪০ টি টিউব ওয়েল বিতরণ করা হয় উসমানপুর ইউনিয়নে ।বক্তব্য রাখেন শিক্ষা অনুরাগী আবুল কালাম আজাদ , তাহির আলী, মতিন চৌধুরী, মুক্তিযোদ্ধা রুস্তম আলী ,ফারুক চৌধুরী সিরাজ মিয়া, অলিউর রহমান, ডাঃ আবুল কালাম আজাদ , ডাঃ এনামুল হক, তুহিন মনসুর, শহিদুল ইসতিয়াক আহমদ মামুন, কাজী তুহেল, মজেফর আলী, মসুদ আহমদ, মজম্মিল আলী,দবির আলম, দবির মিয়া, জুবায়ের আহমদ লিটন, আলাউদ্দিন আল আজাদ,সমাজ সেবী হাজী আপ্তাব আহমদ, আবু জাফর,মাছুম আহমদ চৌধুরী, মাহবুব প্রমুখ।

এর পরে তিনি বালাগঞ্জ উপজেলা সদরে ১ হাজার কৃষদের মধ্যে ৪০ মেট্রিক টন সার বিনা মূলে বিতরন করেন সংসদ সদস্য শফিকুর রহমান চৌধুরী । এ সি ল্যান্ড নুরুল ইসলাম এর সভাপতিত্বে, ও বালাগঞ্জ উপজেলা আওয়ামিলীগের সাধারন সম্পাদক আনহার মিয়ার,পরিচালনায় অনুষ্টিত সভায় প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য শফিকুর রহমান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন মোস্তাকুর রহমান মফুর, কৃষি কর্মকর্তা মুজিবুর রহমান । সভায় উপস্থিত ছিলেন প্রশাসনিক কর্মকতা .রাজনৈতিক দলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন ।

ROYAL TRAVELS AND JOB CENTRE

Tel: 02000113935
Mob: 07980748412, 07894576098, 07768870067

Job Job Job Job

Sameday Delivery
1) Money Transfer
2) Health Report এর জন্য সাহায্য করি
3) No VISA Requirement
4) Lost Passport
5) New or Renewal

Other Service
- Powar of Atorney
- English To Bengali
- Any Document Translate
- Cargo Service
- Loan
- Bank A/C

Travels Service

VISA information
Airline Ticket
(Hajj and Umrah)

আমাদের স্পেশাল সার্ভিস
Life in The UK
ESOL
Food হাইজিন কোর্স
Mortgage Advice করে থাকি

আমরা বিয়ে ও ওলিমাসহ যে কোন অনুষ্ঠানের খাবার সরবারহ করে থাকি

আমাদের সাথে যোগাযোগের ঠিকানা -
royaltravels37@yahoo.co.uk
218 Whitechapel Road (1st Floor)
London E1 1BJ

তাহিরপুরে সাব-রেজিষ্ট্রারের অনিয়মের প্রতিবাদে দলিল লেখকদের কর্মবিরতি

তাহিরপুর উপজেলা সাব-রেজিষ্টারের নানা অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদে তাহিরপুর উপজেলা দলিল লেখকরা কর্মবিরতি পালন করছেন। গত ৬ জুলাই থেকে এ কর্মবিরতি চলছে। এতে করে বন্ধ হয়ে পড়েছে তাহিরপুর উপজেলার সকল প্রকার দলিল রেজিষ্ট্রেশন।

গত ১৪ জুলাই উপজেলা দলিল লেখক সমিতি জেলা রেজিষ্টার বরাবর আবেদন করেছেন বর্তমান সাব-রেজিষ্টারের অনিয়ম , দুর্নীতি ও অসদাচরণের তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য। উপজেলা পরিষদ সূত্রে জানা যায়, গত ২০ বছর ধরে তাহিরপুর উপজেলায় সাব-রেজিষ্টার নেই। পাশ্ববর্তী উপজেলায় কর্মরত সাব-রেজিষ্টাররা অতিরিক্ত দায়িত্ব হিসাবে তাহিরপুর উপজেলায় সপ্তাহে সোম ও মঙ্গলবার ভুমি রেজিষ্ট্রেশন করেন। বর্তমানে অতিরিক্ত দায়িত্ব হিসাবে কাজ করছেন জামালগঞ্জ উপজেলা সাব-রেজিষ্টার মজিবুর রহমান। তার বিরুদ্ধেই এত সব অভিযোগ। এমনিতেই সপ্তাহের দুদিন চলে জমির রেজিষ্ট্রেশন আর বর্তমানে এ সংকটের কারণে বেকায়দায় পড়েছেন ক্রেতা বিক্রেতারা। অনিয়মের প্রতিবাদ করায় দলিল লেখকদের বরখাস্তের হুমকি দিচ্ছেন বলে জানিয়েছেন দলিল লেখকরা। তাহিরপুর দলিল লেখক সমিতির সাধারণ সম্পাদক এমদাদ হোসেন বলেন , অনিয়মের তদন্ত দাবীতে আমরা দলিল করা বন্ধ রেখেছি।